**চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি**
নয়াগোলা, চাঁপাইনবাবগঞ্জ
E-mail: chapaipbs@gmail.com
web : pbs.chapainawabganj.gov.bd

ISO 9001:2015

স্মারক নং-২৭.১২.৭০৬৬.৫৪৬.০১.০৩৮.২৫.২৮২৭

তারিখ:- ১১ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ
২৫ মে, ২০২৫ খ্রি:

**"ফাইডালিটি বীমা করনের" কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপনপত্র (RFQ)**
**কোটেশন নম্বর: (৪৫/২০২৪-২০২৫), তারিখঃ-২৫/০৫/২০২৫খ্রিঃ।**

প্রতি

.........................................................................................................................................

০১। জেনারেল ম্যানেজার, চাঁপাইনবাবগঞ্জ পবিস এর অনুকূলে সরকারি তহবিল বরাদ্দ করা হয়েছে এবং তিনি এর একটি অংশ পরিশোধের ক্ষেত্রে প্রয়োগ করতে ইচ্ছুক, যার জন্য এ কোটেশন দলিল জারি করা হয়েছে।

০২। ইচ্ছুক সকল কোটেশনদাতা কর্তৃক পরিদর্শনের জন্য অভিপ্রেত পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন এবং নকশা দপ্তর চলাকালীন সময়ে সকল কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তিসাধ্য হবে।

০৩। 'কোটেশন দলিল' ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে।

০৪। কোটেশন যথাযথভাবে প্রস্তুতপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬ অনুচ্ছেদে উল্লেখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বানকারীর দপ্তরে দাখিল করতে হবে।

০৫। কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।

০৬। সিলমোহরকৃত খাম ০১/০৬/২০২৫খ্রিঃ বেলা ১১:০০ ঘটিকায় চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, নয়াগোলা, চাঁপাইনবাবগঞ্জ দাখিল করতে হবে। কোটেশনের খামে "ফাইডালিটি বীমা করনের (সকল প্রকার ঝুঁকিসহ)" জন্য কোটেশন এবং ০১/০৬/২০২৫খ্রিঃ বেলা ১১:০৫ ঘটিকার আগে খোলা যাবে না" লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লেখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

০৭। ফাইডালিটি বীমা করনের সার্টিফিকেট সরবরাহের পর বিল/পলিসি দাখিল সাপেক্ষে একাউন্টস পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

০৮। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭১ (৪) অনুসারে ক্রয়কারী কোটেশন আহ্বানের তারিখ হতে দাখিলের জন্য প্রদত্ত সময় অনধিক ১০ (দশ) দিন এর নির্ধারিত সময়সীমা যথাসম্ভব কম বা যুক্তি সংগত করতে পারবেন।

০৯। কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম ৬০ (ষাট) দিন পর্যন্ত জন্য সকল কোটেশন বৈধ থাকবে।

১০। দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশন প্রকাশ্যে উন্মুক্ত করা হবে না।

১১। যদি চুক্তি সম্পাদন করা হয়, কোটেশনদাতার উদ্ধৃতদর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সবধরণের কর, শুল্ক ও আবগাড়ী, ফী, লেভি এবং আইনের অধীনে পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

১২। সরকার অনুমোদিত বীমা প্রতিষ্ঠান কতৃক বিভিন্ন ঝুঁকি উল্লেখপূর্বক দর টাকায় দাখিল করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মুল্য পরিশোধও টাকায় করা হবে। কোটেশনদাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।

১৩। কোটেশনদাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশনদাতার যোগ্যতার প্রমাণস্বরূপ হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর, হালনাগাদ আয়কর সনদ, বীমা উন্নয়ন কতৃপক্ষের সনদ, স্টক এক্সচেঞ্জ-এ তালিকাভুক্তির প্রমাণক ও ভ্যাট নিবন্ধন নম্বর এর সত্যায়িত অনুলিপি এবং যে কোনো তফসিলি ব্যাংক থেকে হালনাগাদ আর্থিক সচ্ছলতার সনদ দাখিল করতে হবে। এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হতে পারে।

১৪। মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ০৩ (তিন)টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

১৫। উদ্ধৃত একক দর এবংমূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গানিতিক সংশোধন গ্রহণে কোটেশনদাতা বাধ্য থাকবে।

১৬। ক্রয় আদেশ জারীর তারিখ থেকে ০৭ (সাত) দিনের মধ্যে পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করতে হবে। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান যথাসময়ে বীমা চুক্তি সম্পাদনে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য কার্যাদেশ মূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে জরিমানা কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা কার্যাদেশ মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।

১৭। ক্রয় আদেশ যা সরবরাহকারী এবং ক্রয়কারীর মধ্যে অবশ্য পালনীয় চুক্তিতে বাধ্য করে তা অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির **০৭ (সাত)** দিনের মধ্যে জারী করতে হবে। সর্বনিম্ন দরদাতা কার্যাদেশ প্রাপ্তির ০৫ দিনের মধ্যে ৩০০ টাকার নন-জুডিশিয়াল স্টাম্প নিজস্ব খরচে সরবরাহ পূর্বক চুক্তিনামা সম্পন্ন করত বীমার কাজ সম্পন্ন করতে হবে। বীমার চুক্তি হবে ০১ (এক) বছর মেয়াদী।

১৮। ক্রয়কারী সকলকোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

২০/৫/২৫
(হাওলাদার মোঃ ফজলুর রহমান)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ।

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাপবিবো, রাজশাহী জোন, রাজশাহী।
০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা- **বিজ্ঞপ্তিটি বাপবিবোর্ডের ওয়েবসাইটে প্রকাশের সদয় অনুরোধসহ।**
০৪। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ।
০৫। পুলিশ সুপার, চাঁপাইনবাবগঞ্জ।
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার----------পবিস-১/২/৩/৪।
০৭। মেয়র, পৌরসভা কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ।
০৮। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, রাজশাহী।
০৯। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপদ, চাঁপাইনবাবগঞ্জ।
১০। উপজেলা নির্বাহী অফিসার, চাঁপাইনবাবগঞ্জ।
১১। ডিজিএম, (সদর দপ্তর-কারিগরী)/শিবগঞ্জ/ভোলাহাট/নাচোল জোনাল অফিস, চাঁপাইনবাবগঞ্জ পবিস।
১২। এজিএম (ওএন্ডএম), মহারাজপুর/সাহাপাড়া সাব-জোনাল অফিস, চাঁপাইনবাবগঞ্জ পবিস।
১৩। এজিএম (অর্থ-হিসাব),চাঁপাইনবাবগঞ্জ পবিস।
১৪। এজিএম (আইটি), চাঁপাইনবাবগঞ্জ পবিস-**বিজ্ঞপ্তিটি চাঁপাইনবাবগঞ্জ পবিস এর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।**
১৫। মেসার্স-------------------------------------।
১৬। নোটিশ বোর্ড, চাঁপাইনবাবগঞ্জ পবিস।
১৭। অফিস/মাস্টার কপি।

২০/৫/২৫
(হাওলাদার মোঃ ফজলুর রহমান)
জেনারেল ম্যানেজার

কোটেশন দাখিল পত্র

**[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]**

কোটেশন নম্বর: (৪৫/২০২৪-২০২৫), তারিখ:- ২৫/০৫/২০২৫খ্রিঃ

প্রতি

**জেনারেল ম্যানেজার, চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি**

আমি/আমরা, নিম্ন স্বাক্ষরকারী, পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের শর্তাবলী অনুসারে "ফাইডালিটি বীমা করনের ( সকল প্রকার ঝুকিসহ)" জন্য প্রস্তাব করছি।

আমার/আমাদের কোটেশনের মোট মূল্য টাকা .....................................

আমার/আমাদের কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকবে এবং আমি/আমরা এটা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোনো সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে, আমার/আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হইনি। এছাড়াও, আমি/আমরা অনুচ্ছেদ-১৯ (বি)-তে উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছি এবং কোটেশনে অংশগ্রহনের প্রতিযোগিতা বা সরবরাহ সম্পন্ন করার সময় এ ধরনের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্যনামে বা ভিন্ন নামে একটার বেশি কোটেশন দাখিল করিনি। আমি/আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয়আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা[তারিখ লিখুন]তারিখে আপনাদের জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন (আরএফকিউ) দলিলপত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/ আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর

তারিখ

চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি
নয়াগোলা, চাঁপাইনবাবগঞ্জ

## পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফশীল

কোটেশন নম্বর: (৪৫/২০২৪-২০২৫), তারিখ:- ২৫/০৫/২০২৫খ্রিঃ

| ক্রঃ নঃ | কর্মকর্তা/কর্মচারীর নাম | পদবী | বীমকৃত টাকা | উদ্ধৃত প্রিমিয়াম (০১ এক বছর জন্য) |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | জনাব অমিত দাস | এজিএম (ওএন্ডএম) | ৩,০০,০০০.০০ | |
| ০২ | জনাব অলোক কুমার কুন্ডু | এজিএম (অর্থ) | ৫,০০,০০০.০০ | |
| ০৩ | জনাব মোঃ মামুনুর রশিদ | হিসাব রক্ষক | ২,০০,০০০.০০ | |
| ০৪ | জনাব মোঃ সাজেদুল ইসলাম | হিসাব রক্ষক | ২,০০,০০০.০০ | |
| ০৫ | জনাব মোঃ আশরাফুল ইসলাম | স্টোর কিপার | ৫,০০,০০০.০০ | |
| ০৬ | জনাব সামিমা আকতার | ক্যাশিয়ার | ৫,০০,০০০.০০ | |
| ০৭ | জনাব মোছাঃ নাজমুন্নাহার | ক্যাশিয়ার | ৫,০০,০০০.০০ | |
| ০৮ | জনাব মোসাঃ তাজমিরা খাতুন | ক্যাশিয়ার | ৫,০০,০০০.০০ | |
| ০৯ | জনাব মোসাঃ সেলিনা আকতার জাহান | ক্যাশিয়ার | ৫,০০,০০০.০০ | |
| ১০ | জনাব মোসাঃ তৌহিদা আখতার বানু | ক্যাশিয়ার | ৫,০০,০০০.০০ | |
| ১১ | জনাব ওয়াহিদা শারমিন | সহকারী ক্যাশিয়ার | ৩,০০,০০০.০০ | |
| ১২ | জনাব মোসাঃ মার্জিনা খাতুন | সহকারী ক্যাশিয়ার | ৩,০০,০০০.০০ | |
| ১৩ | জনাব মোসাঃ আফসানা হক | সহকারী ক্যাশিয়ার | ৩,০০,০০০.০০ | |
| ১৪ | জনাব মোছাঃ পাপিয়া জাহান | সহকারী ক্যাশিয়ার | ৩,০০,০০০.০০ | |
| ১৫ | জনাব মোছাঃ কহিনুর বেগম | সহকারী ক্যাশিয়ার | ৩,০০,০০০.০০ | |
| ১৬ | জনাব মোছাঃ আতিকা বানু | সহকারী ক্যাশিয়ার | ৩,০০,০০০.০০ | |
| ১৭ | মোঃ মোশারফ হোসেন | সহকারী স্টোর কিপার | ৩,০০,০০০.০০ | |
| ১৮ | জনাব মোঃ জাহিদুল হক | সহকারী স্টোর কিপার | ৩,০০,০০০.০০ | |
| | | | উদ্ধৃত মোট প্রিমিয়ামঃ | |

| | | | কথায় | |
|---|---|---|---|---|

| | |
|---|---|
| বীমা সনদপ্রেরণ ও বীমা চুক্তির ঠিকানা | চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি,নয়াগোলা,চাঁপাইনবাবগঞ্জ |
| মোট মূল্য টাকায় (কথায়) | *[উপরোল্লিখিত তফশীলের ৫ নম্বর কলামে উল্লেখিত সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার জন্য মোট মূল্য লিখুন।]* |
| প্রস্তাবিত সরবরাহ | [সপ্তাহ অথবা দিন উল্লেখ করুন] ক্রয় আদেশ জারির তারিখ থেকে |
| প্রদত্ত ওয়ারেন্টি (warranty) | [পণ্য সরবরাহ সম্পন্নের তারিখ থেকে সপ্তাহ অথবা দিন লিখুন; প্রযোজ্য না হলে তারিখ বা দিন উল্লেখ করার প্রয়োজন নেই] |

আমি/আমাদের দ্বারা এই মূল্যর তফশীলের **তফশীলে[-----] টি** সংশো**ধন** যথাযথভাবে অনুস্বাক্ষর **করে করা হয়েছে।**
আমার/আমাদের প্রস্তাব দিন/মাস/বছর পর্যন্ত **বৈধ** [কোটেশনের বৈধতার তারিখ লিখুন]

| | |
|---|---|
| **সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর** | তারিখ: |
| **কোটেশনদাতার নাম** | |

চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি ★ নয়াগোলা, চাঁপাইনবাবগঞ্জ

## আবশ্যিক পণ্যের কারিগরী বিনির্দেশ

কোটেশন নম্বর: (৪৫/২০২৪-২০২৫), তারিখ:- ২৫/০৫/২০২৫খ্রিঃ

| ক্রঃ নঃ | কর্মকর্তা/কর্মচারীর নাম | পদবী | বীমকৃত টাকা | বিভিন্ন প্রকার ঝুকির নাম |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | জনাব অমিত দাস | এজিএম (ওএন্ডএম) | ৩,০০,০০০.০০ | |
| ০২ | জনাব অলোক কুমার কুন্ডু | এজিএম (অর্থ) | ৫,০০,০০০.০০ | |
| ০৩ | জনাব মোঃ মামুনুর রশিদ | হিসাব রক্ষক | ২,০০,০০০.০০ | |
| ০৪ | জনাব মোঃ সাজেদুল ইসলাম | হিসাব রক্ষক | ২,০০,০০০.০০ | |
| ০৫ | জনাব মোঃ আশরাফুল ইসলাম | স্টোর কিপার | ৫,০০,০০০.০০ | |
| ০৬ | জনাব সামিমা আকতার | ক্যাশিয়ার | ৫,০০,০০০.০০ | |
| ০৭ | জনাব মোছাঃ নাজমুন্নাহার | ক্যাশিয়ার | ৫,০০,০০০.০০ | |
| ০৮ | জনাব মোসাঃ তাজমিরা খাতুন | ক্যাশিয়ার | ৫,০০,০০০.০০ | |
| ০৯ | জনাব মোসাঃ সেলিনা আকতার জাহান | ক্যাশিয়ার | ৫,০০,০০০.০০ | |
| ১০ | জনাব মোসাঃ তৌহিদা আখতার বানু | ক্যাশিয়ার | ৫,০০,০০০.০০ | |
| ১১ | জনাব ওয়াহিদা শারমিন | সহকারী ক্যাশিয়ার | ৩,০০,০০০.০০ | |
| ১২ | জনাব মোসাঃ মার্জিনা খাতুন | সহকারী ক্যাশিয়ার | ৩,০০,০০০.০০ | |
| ১৩ | জনাব মোসাঃ আফসানা হক | সহকারী ক্যাশিয়ার | ৩,০০,০০০.০০ | |
| ১৪ | জনাব মোছাঃ পাপিয়া জাহান | সহকারী ক্যাশিয়ার | ৩,০০,০০০.০০ | |
| ১৫ | জনাব মোছাঃ কহিনুর বেগম | সহকারী ক্যাশিয়ার | ৩,০০,০০০.০০ | |
| ১৬ | জনাব মোছাঃ আতিকা বানু | সহকারী ক্যাশিয়ার | ৩,০০,০০০.০০ | |
| ১৭ | মোঃ মোশারফ হোসেন | সহকারী স্টোর কিপার | ৩,০০,০০০.০০ | |
| ১৮ | জনাব মোঃ জাহিদুল হক | সহকারী স্টোর কিপার | ৩,০০,০০০.০০ | |

আমি/আমরা ঘোষণা দিচ্ছি যে, আমি/আমরা প্রস্তাবিত পণ্য ও সংশ্লিষ্ট সেবা সম্পূর্ণভাবে উপরোল্লেখিত কারিগরী বিনির্দেশ এবং মান অনুযায়ী সরবরাহ করব।

| | |
|---|---|
| **সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর** | তারিখ: |
| **কোটেশন দাতার নাম** | |

টীকা:

১. কলাম ১, ২ ,৩,৪ক্রয়কারী এবং কলাম ৫ কোটেশনদাতা পূরণ করবে।

২. বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী)ক্রয়কারী পূরণ করবে। ক্রয়কারীর প্রয়োজনের বস্তুনিষ্ঠ এবং প্রতিযোগিতামূলক দর প্রদানের জন্য এক সেট সঠিক এবং স্পষ্ট বিনির্দেশ হলো কোটেশনের পূর্বশর্ত। প্রতিযোগিতামূলক কোটেশনের জন্য পণ্যের কারিগরী বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) সর্বাধিক সম্ভাব্য প্রতিযোগিতার লক্ষ্যেপ্রস্তুত করতে হবে এবং একই সঙ্গে ক্রয়তব্য পণ্য ও সংশ্লিষ্ট সেবারকারিগরি দক্ষতা, দ্রব্যাদি এবং কার্য-সম্পাদনের মান সুস্পষ্টভাবে বর্ননা করতে হবে। বিনির্দেশে আবশ্যিক যে, পণ্যে অন্তর্ভুক্ত সমস্ত আইটেম, দ্রব্যাদি এবংআনুষঙ্গিক উপকরণ নতুন, অব্যবহৃত এবং সবচেয়ে সম্প্রতিকতম বা চলতি মডেলের হবে। তার নকশা এবং দ্রব্যাদিতেসব সাম্প্রতিক উৎকর্ষ সন্নেবেশিত হবে।

৩. পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহের কারিগরী বিনির্দেশ (সবিস্তার বিবরণী) ক্রয়কারীর প্রয়োজনীয়তার সঙ্গে সামঞ্জসপূর্ণ হবে যা এ দলিলপত্রে সুনির্দিষ্ট ভাবে উল্লেখ করতে হবে। কোটেশনদাতা প্রস্তাবিত পণ্যের তৈরী(make) ও মডেল (যেমনটি প্রযোজ্য) উল্লেখ করবে এবং অবশ্যই তালিকাবদ্ধ পণ্যের যথাযথমূল (প্রাপ্তিসাধ্য না হলে অনুলিপি) মুদ্রিত বিবরন/প্রচারপত্র(brochures) সংযুক্ত করবে।

চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি
নয়াগোলা, চাঁপাইনবাবগঞ্জ